

আইএসও ২৬০০০ সম্পর্কে অন্যকে জানানোর একটি গ্রহণযোগ্য উপায়

কোম্পানিগুলো আইএসও দ্বারা এই মর্মে অনুমতি প্রাপ্ত যে তারা নিম্নলিখিত উদাহরণ^২ এর মতো করে আইএসও ২৬০০০ এর মূলনীতি এবং কেন্দ্রীয় বিষয়সমূহের প্রতি তাদের অঙ্গীকার ঘোষণা করতে পারে-

কোম্পানি 'ক' আইএসও ২৬০০০ কে প্রাসঙ্গিক দলিল হিসেবে বিবেচনা করে যা কিনা সামাজিক দায়িত্বশীলতার ব্যাপারে নির্দেশনা দেয়। অথবা,

কোম্পানি 'খ' সামাজিক দায়িত্বশীলতার সাথে তাদের মান এবং অনুশীলনকে একীভূত করার জন্য আইএসও ২৬০০০ ব্যবহার করেছে। অথবা,

সামাজিক দায়িত্বশীলতা জ্ঞাপন-এর জন্য আইএসও ২৬০০০ নির্দেশিকা যেভাবে কার্যকর হতে পারে

'কখগ' এই মর্মে বিবৃত করছে যে আমরা সবাই আইএসও ২৬০০০, এর সূচি এবং সামাজিক দায়িত্বশীলতার সাথে কাজ করার ক্ষেত্রে একে কিভাবে অগ্রাধিকার দেয়া যায় সেই সম্পর্কে জ্ঞাত।

'কখগ' আইএসও কে একটি প্রাসঙ্গিক দলিল হিসেবে চিহ্নিত করে যা সামাজিক দায়িত্বশীলতা সম্পর্কে একটি নির্দেশনা দেয়। 'কখগ' আইএসও ২৬০০০ কে একটি পথ প্রদর্শক হিসেবে ব্যবহার করেছে যাতে করে আমাদের মান এবং অনুশীলনকে সামাজিক দায়িত্বশীলতার সাথে একীভূত করা যায়।

আমাদের ওয়েবসাইট www.kakhaga.com এ বিস্তারিত দেয়া আছে। নতুন তথ্য জানতে নিম্নে স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করুন।

দিন ও তারিখ

সাক্ষর

ঠিকানা

অন্যান্য মান এর সাথে আইএসও ২৬০০০ এর সংযোগ^৩

দ্য গ্লোবাল রিপোর্টিং ইনিশিয়েটিভ (জিআরআই) একটি মাল্টি-স্টেকহোল্ডার নেটওয়ার্ক ভিত্তিক সংগঠন যারা দৃঢ় সত্যাপন অনুযায়ী বিশ্বে সবচেয়ে বেশি ব্যবহৃত সাসটেইন্যাবিলিটি রিপোর্টিং ফ্রেমওয়ার্ক উৎপাদন করে। জিআরআই তার শুরু থেকেই আইএসও ২৬০০০ এর উন্নয়ন কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। জি আর আই অনুযায়ী, "আইএসও নির্দেশিকার

^২ http://www.26k-estimation.com/26k-User-Guide__edition_2010-10-29_.pdf

^৩ <http://www.iso.org/iso/livelinkgetfile-isocs?nodeId=15879071>